রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শুক্রবার, আগস্ট ২১, ২০২৬**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**সংশোধনী প্রজ্ঞাপন**

তারিখঃ ০৩ ভাদ্র ১৪৩৩/১৮ আগস্ট ২০২৬

নং **১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৯৬**।—ভোটার তালিকা আইন-২০০৯ এর ১১ ধারা মোতাবেক প্রতি বছর ০২ জানুয়ারি হতে ০২ মার্চ পর্যন্ত বা নির্বাচনের তফসিল ঘোষণার পূর্বে ধারা ৩ এর দফা (জ) এর অধীন ঘোষিত সময়কালের মধ্যে, নির্ধারিত পদ্ধতিতে ভোটার তালিকা হালনাগাদের বিধান মতে সংশোধনকারী কর্তৃপক্ষ নিয়োগ উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ/০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ তারিখে জারীকৃত এবং আগস্ট ১, ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত-১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৭৭ নম্বর স্মারক সম্বলিত প্রজ্ঞাপনে নিম্নবর্ণিত সংশোধনী আনয়ন করা হইল:

"গেজেটের ২১৮৫১নং পৃষ্ঠায় রংপুর অঞ্চলের ৪৪নং ক্রমিকের ৫নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগকৃত "অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-১, রংপুর এবং এর ৬নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র হিসেবে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

"গেজেটের ২১৮৫১নং পৃষ্ঠায় রংপুর অঞ্চলের ৪৩নং ক্রমিকের ৫নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগকৃত কর্মকর্তা "সিনিয়র জেলা নির্বাচন অফিসার, দিনাজপুর" এর ৬নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে "এবং ফুলবাড়ী উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা" শব্দসমূহ সংযোজিত হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

"গেজেটের ২১৮৫২নং পৃষ্ঠায় রংপুর অঞ্চলের ৪৫নং ক্রমিকের ৫নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগকৃত কর্মকর্তা "অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, দিনাজপুর" এর ৬নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে "এবং পার্বতীপুর উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা" শব্দসমূহ সংযোজিত হইবে।

"গেজেটের ২১৮৫২নং পৃষ্ঠায় রংপুর অঞ্চলের ৪৯নং ক্রমিকের ৫নং কলামে উল্লিখিত সংশোধনকারী কর্তৃপক্ষ হিসেবে নিয়োগকৃত কর্মকর্তা "অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা-২, রংপুর" এর ৬নং কলামে উল্লিখিত নির্ধারিত এলাকা/অধিক্ষেত্র এর সাথে "এবং দিনাজপুর জেলার নবাবগঞ্জ ও বিরামপুর উপজেলার আওতাভুক্ত সকল ভোটার এলাকা" শব্দসমূহ সংযোজিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবির**
উপসচিব (নিঃ সঃ ও সঃ)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd